সংবাদ

তারিখ 30 SEP 2009
পৃষ্ঠা ১৭ কলাম ৪

# দক্ষ জনশক্তি গড়ার লক্ষ্যে কারিগরি শিক্ষাকে ঢেলে সাজানো হবে : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দক্ষ জনশক্তি গড়ার লক্ষ্যে কারিগরি শিক্ষাকে ঢেলে সাজানো হবে। গতকাল কলেজ অফ টেক্সটাইল টেকনোলজি মিলনায়তনে 'কলম্বো প্লান স্টাফ কলেজ (সিপিএসসি)' ও বাংলাদেশের যৌথ উদ্যোগে আয়োজিত 'দেশের কারিগরি ও ভোকেশনাল শিক্ষা কর্মসূচির মনিটরিং ও মূল্যায়ন' শীর্ষক ১০ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. নিতাই চন্দ্র সূত্রধরের সভাপতিত্বে অনুষ্ঠানে সিপিএসসি'র মহাপরিচালক প্রফেসর শ্যামল মজুমদার বক্তব্য রাখেন।

শিক্ষামন্ত্রী বলেন, বিপুল জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করতে কারিগরি শিক্ষার বিকল্প নেই। দেশের ৬৫ লাখ মানুষ বিদেশে জনশক্তি হিসেবে কর্মরত থাকলেও তার অধিকাংশই অদক্ষ বা আধাদক্ষ জনবল হওয়ায় তাদের আয় অনেক কম। তিনি কারিগরি ও ভোকেশনাল শিক্ষা গ্রহণের ওপর গুরুত্বারোপ করে বলেন বিশ্বমানের কারিগরি জ্ঞানসম্পন্ন দক্ষ মানবসম্পদ গড়ে তুলতে পারলে আমাদের বৈদেশিক আয়ের পরিমাণ কয়েক গুণ

হবে : ৭পৃ: ২ ক: ৫

## হবে : সাজানো

(১২ পৃষ্ঠার পর)

বাড়ানো সম্ভব।

তিনি বলেন, সম্প্রতি প্রণীত শিক্ষানীতিতে কারিগরি শিক্ষার ওপর জোর দেয়া হয়েছে। তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রেও আধুনিক কারিগরি শিক্ষা জোরালো ভূমিকা পালন করবে। মন্ত্রী বেকার সৃষ্টির সাধারণ শিক্ষার চেয়ে কারিগরি শিক্ষাকে অধিক গুরুত্ব দেয়ার জন্য সবার প্রতি আহ্বান জানান।